

রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন, ১, কাওরান বাজার
ঢাকা।

নং- ২৬.০২.০০০০.০৩১.৫৮.৫৯৬.২১/৩১২

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ।
২১ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ আগামী ২৮ ফেব্রুয়ারি - ০৩ মার্চ, ২০২২ সময়ে জেদ্দা, সৌদি আরব-এ অনুষ্ঠেয় **Foodex Saudi 2022, Jeddah, KSA** শীর্ষক মেলায় অংশগ্রহণ।


উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ২৮ ফেব্রুয়ারি - ০৩ মার্চ, ২০২২ সময়ে জেদ্দা, সৌদি আরব-এ অনুষ্ঠিতব্য **Foodex Saudi 2022, Jeddah, KSA** শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রাথমিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করেছে। মেলাটি কৃষি ও কৃষিজাত পণ্য শিল্পের সাথে সম্পৃক্ত পণ্য সমূহের একটি আদর্শ প্লার্টফরম। মেলার তথ্যাদি নিম্নরূপঃ

(ক)	মেলার নাম ও মেলার সময়কাল	:	Foodex Saudi 2022, Jeddah, KSA .
(খ)	মেলার স্থান	:	Jeddah center for forums & events, Jeddah.
(গ)	স্টল স্পেস ও ভাড়া	:	(3 X 3) 09 বর্গমিটার, বুথ ভাড়া \$5631 বিডি টাঃ/- 482407.77
(ঘ)	মেলার প্রদর্শনী পণ্যাদি	:	Agro & Agro processing food.

০২। উক্ত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আপনার সমিতিভুক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহ/স্বনামধন্য রপ্তানিকারক প্রতিষ্ঠান আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র আগামী ১০ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ জানানো হলো। আবেদন পত্রের ছক www.epb.gov.bd থেকে ডাউন লোড করা যাবে। আবেদনপত্রের সাথে (ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, ২০২০-২০২১ অর্থবছরের পিআরসি) অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য মেলায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর সহায়তার অংশ আপনার প্রতিষ্ঠানের সক্ষমতার ভিত্তিতে (অংশগ্রহণ “ফি”) নিম্নরূপভাবে ফি নির্ধারন করা হলো:

ক্রমিক নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তার শতকরা হার
০১।	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	“ক”	৪০%
০২।	প্রারম্ভিক (কোন রপ্তানি নেই)	“খ”	৫০%

০৩। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি'র উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।


(আবু মোখলেছ আলমগীর হোসেন)
উপ পরিচালক (মেলা)

বিতরণ কার্যার্থে:

১ সভাপতি, বাংলাদেশ এগ্রো-প্রসেসর্স এ্যাসোসিয়েশন, নাভানা নিউ ব্যারি প্লেস, সোবহানবাগ ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ০১) প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা
- ০২) এপিআরও টু ভাইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩) পি এ টু, মহাপরিচালক-১, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।